সাধারণ জ্ঞান ও অন্যান্য : ক্যাডেট কলেজে ভর্তি প্রস্তুতি ২০২৫



তৌফিক সুলতান, সহঃ প্রধান শিক্ষক, ভাওয়াল ইসলামিক ক্যাডেট একাডেমি,গাজীপুর।

প্রিয় ক্যাডেট কলেজে ভর্তিচ্ছুক শিক্ষার্থী, তোমাদের ভর্তি পরীক্ষায় সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা বিষয়ে ৪০ নম্বরের প্রশ্ন থাকবে। ২০২৪ সালের ভর্তি পরীক্ষার আলোকে ভর্তি পরীক্ষা হবে।

ভর্তি পরীক্ষার বিষয় ও নম্বর: মোট নম্বর ৩০০। গণিতে ১০০, ইংরেজিতে ১০০, বাংলায় ৬০ ও সাধারণ জ্ঞানে ৪০ নম্বর।

২০২৫ সালে ক্যাডেট কলেজের ভর্তি পরীক্ষা আগামী বছরের ৪ জানুয়ারি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত চলবে পরীক্ষা।

সাধারণ জ্ঞান ও অন্যান্য : ক্যাডেট কলেজে ভর্তি প্রস্তুতি ২০২৫

জ্ঞানমূলক প্রশ্ন

১। ফেসবুকের প্রতিষ্ঠাতা কে?
উত্তর : ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জাকারবার্গ।

২। জাতীয় সংঘের বর্তমান মহাসচিবের নাম কি?
উত্তর : জাতিসংঘের বর্তমান মহাসচিব হিসেবে পর্তুগালের নাগরিক আন্তোনিও গুতেরেস ১ জানুয়ারি, ২০১৭ সালে দায়িত্বভার গ্রহণ করেন।

৩। মিসরীয় সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?
উত্তর : মিসরীয় সভ্যতা নীল নদের তীরে গড়ে উঠেছিল।

৪। কত বছর পর সূর্যের হাইড্রোজেন জ্বালানি শেষ হয়ে যাবে?
উত্তর: এখন থেকে ৫০০ কোটি বছর পর।

৫। কোথায় ব্রাহ্মী লিপি পাওয়া যায়?
উত্তর : মহাস্থানগড়ে ব্রাহ্মী লিপি পাওয়া যায়।

৬।মনিটর কোন ধরনের ডিভাইস?
উত্তর : মনিটর একটি আউটপুট ডিভাইস।

৭। হোয়াইট ডোয়ার্ফ কী?
উত্তর: আলোহীন নিষ্প্রভ নক্ষত্রের অবশেষই হোয়াইট ডোয়ার্ফ।

৮। সিন্ধু সভ্যতা কখন গড়ে ওঠে?
উত্তর : খ্রিস্টপূর্ব ২৭০০ অব্দে সিন্ধু সভ্যতা গড়ে ওঠে।

৯। জুলিয়াস সিজার কে ছিলেন?
উত্তর : জুলিয়াস সিজার ছিলেন রোমান সম্রাট।

১০। আর্দ্রতা কেমন হলে সেই স্থানে ভেজা বস্তু সহজে শুকায় না?
উত্তর : বেশি হলে।

১১। পৃথিবীর বৃহত্তম মরুভূমির নাম কী?
উত্তর : পৃথিবীর বৃহত্তম মরুভূমির নাম সাহারা।

১২। 'শেষের কবিতা'—উপন্যাসটি কার লেখা?
উত্তর : 'শেষের কবিতা'—উপন্যাসটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।

১৩। আবহাওয়ার একটি গুরুত্বপূর্ণ উপাদানের নাম কী?
উত্তর : বৃষ্টি।

১৪। জাতিসংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর : জাতিসংঘের সদর দপ্তর নিউইয়র্কে অবস্থিত।

১৫। বাংলাদেশের জাতীয় কবির নাম কী?
উত্তর : বাংলাদেশের জাতীয় কবির নাম কাজী নজরুল ইসলাম।

১৬। মনিটর কী?
উত্তর : টেলিভিশনের মতো দেখতে মনিটর একটি আউটপুট ডিভাইস।

১৭। পৃথিবীর বৃহত্তম মহাদেশের নাম কী?
উত্তর : পৃথিবীর বৃহত্তম মহাদেশের নাম এশিয়া।

১৮। বাংলাদেশ কোন গোলার্ধে অবস্থিত?
উত্তর : বাংলাদেশ উত্তর গোলার্ধে অবস্থিত।

১৯। পৃথিবীতে শক্তির প্রধান উৎস কী?
উত্তর : পৃথিবীতে শক্তির প্রধান উৎস সূর্য।

২০। কোথায় প্রথম গণতন্ত্রের সূচনা হয়েছিল?
উত্তর : এথেন্সে।

২১। বাস্তুতন্ত্রের অপর কী নামে পরিচিত?
উত্তর : 'বাস্তুতন্ত্র' বায়োম নামে পরিচিত।

২২। কোন শব্দ দ্বারা পৃথিবীতে জীবনের বিপুল বৈচিত্র্য বর্ণনা করা যায়?
উত্তর : 'জীববৈচিত্র্য' শব্দ দ্বারা পৃথিবীতে জীবনের বিপুল বৈচিত্র্য বর্ণনা করা যায়।

২৩। কোন জেলার চা বিখ্যাত?

উত্তর : সিলেট জেলার চা বিখ্যাত।

২৪। ইন্টারনেট কত সালে চালু হয়?
উত্তর : ১৯৬৯ সালে।

২৫। পরিবেশের সঙ্গে জীবের খাপ খাওয়ানোকে কী বলে?
উত্তর : পরিবেশের সঙ্গে জীবের খাপ খাওয়ানোকে অভিযোজন বলে।

২৬। লিচু ভালো হয় কোন জেলায়?
উত্তর : লিচু ভালো হয় দিনাজপুর জেলায়।

২৭। সুপারি ভালো হয় কোন জেলায়?
উত্তর : সুপারি ভালো হয় বরিশাল জেলায়।

২৮। বাতাসের গড় বায়ুচাপ কত?
উত্তর : ১০১৩ মিলিবার।

২৯। বাংলাদেশের একমাত্র নোবেল বিজয়ী
কে?
উত্তর : বাংলাদেশের একমাত্র নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস।

৩০। প্রোফাইল কতভাবে তৈরি করা যায়?
উত্তর : প্রোফাইল দুইভাবে তৈরি করা যায়।

৩১। কম্পিউটারের মূল অংশ কয়টি?
উত্তর : ৪টি।

৩২। মিসরকে কী বলা হয়?
উত্তর : নীলনদের দান।

৩৩। গ্রিক সভ্যতায় কিসের অবদান লক্ষ করা যায়?
উত্তর : সাগরের।

৩৪। প্রাচীন গ্রিসের প্রধান ভৌগোলিক বৈশিষ্ট্য কেমন?
উত্তর : পর্বত, সমুদ্রবেষ্টিত দ্বীপমালা।

৩৫। পর্বতময় গ্রিস দ্বীপরাষ্ট্রের প্রধান শহর কী ছিল?
উত্তর : এথেন্স।

৩৬। কম্পিউটারের জনক কে?
উত্তর : কম্পিউটারের জনক চার্লস ব্যাবেজ।

৩৭। পানি বাতাসের তুলনায় ভারী, নাকি হালকা?
উত্তর : অনেক ভারী।

৩৮। বায়ুচাপের একককে কী বলা হয়?
উত্তর : মিলিবার।

৩৯। আলুর জন্য বিখ্যাত কোন জেলা?
উত্তর : আলুর জন্য বিখ্যাত মুন্সীগঞ্জ জেলা।

৪০। কোনো একটি এলাকার নির্দিষ্ট সময়ের গড় আবহাওয়াকে কী বলে?
উত্তর : জলবায়ু।

৪১। জলবায়ু পরিবর্তনের সঙ্গে জড়িত উপাদানটি কী?
উত্তর : গ্রিনহাউস গ্যাস।

৪২। দীর্ঘ সময় ধরে জীবের মধ্যকার পরিবর্তন ঘটার প্রক্রিয়াকে কী বলে?
উত্তর : দীর্ঘ সময় ধরে জীবের মধ্যকার পরিবর্তন ঘটার প্রক্রিয়াকে বিবর্তন বলে।

৪৩। হার্ডকপি কী?
উত্তর : কাগজে মুদ্রিত কপি।

৪৪। র‍্যাম কী?
উত্তর : র‍্যাম এক ধরনের মেমোরি।

৪৫। বাংলাদেশের বিজয় দিবস কবে?
উত্তর : বাংলাদেশের বিজয় দিবস ১৬ ডিসেম্বর।

৪৬। পেনড্রাইভ কী?
উত্তর : তথ্য আদান-প্রদানের স্টোরেজ ডিভাইস।

৪৭। ‘ওএস’ কী?
উত্তর : অপারেটিং সিস্টেম।

৪৮। ওয়ার্ড প্রসেসর কী?
উত্তর : একটি সফটওয়্যার।

৪৯। জিনের অবস্থান কোথায়?
উত্তর : জিনের অবস্থান নিউক্লিয়াসের ক্রোমোজোমে।

৫০। তথ্যের মহাসারণি বলা হয় কাকে?
উত্তর : ইন্টারনেটকে।

৫১। বায়ুর আর্দ্রতা পরিমাপের পদ্ধতি কতটি?
উত্তর : দুটি।

৫২। ‘ভেটো’ শব্দের অর্থ কী?
উত্তর : ‘ভেটো’ শব্দের অর্থ—আমি মানি না।

৫৩। বাতাসের আর্দ্রতা পরিমাপক যন্ত্রের নাম কী?
উত্তর : হাইগ্রোমিটার।

৫৪। সময়ের সঙ্গে আবহাওয়ার কী ঘটে?
উত্তর : পরিবর্তন।

৫৫। পৃথিবীতে শক্তির প্রধান উৎসর নাম কী?
উত্তর : সূর্য।

৫৬। ডেঙ্গু জ্বরের বাহক কোন মশা?
উত্তর : ডেঙ্গু জ্বরের বাহক এডিস মশা।

৫৭। গ্রিক নগররাষ্ট্রের কর্মচঞ্চল এলাকাকে কী বলা হতো?
উত্তর : অ্যাগোরা।

৫৮। গ্রিক অর্থনীতির মূলভিত্তি কী ছিল?
উত্তর : কৃষি ও বাণিজ্য।

৫৯। প্রিন্টার কোন ধরনের ডিভাইস?
উত্তর : প্রিন্টার একটি আউটপুট ডিভাইস।
৬০। পৃথিবীর মানচিত্র অঙ্কন করে কারা?
উত্তর : গ্রিকরা।

৬১। প্রসেসর কাজ প্রসেসিং করে কোথায় পাঠায়?
উত্তর : মেমোরিতে।

৬২। পৃথিবীর বায়ুমণ্ডলের তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় বেশি হওয়ার কারণ কী?
উত্তর : গ্রিনহাউস প্রতিক্রিয়া।

৬৩। উয়ারী-বটেশ্বর কোথায় অবস্থিত?
উত্তর : উয়ারী-বটেশ্বর নরসিংদী জেলার বেলাব উপজেলায় প্রাচীন ব্রহ্মপুত্র নদের তীরে অবস্থিত।

৬৪। আম, কাঁঠাল, জবা কোন ধরনের উদ্ভিদ?
উত্তর : সপুষ্পক উদ্ভিদ।

৬৫। আমাদের সূর্য কত বছর আগে সৃষ্টি হয়েছিল?
উত্তর: ৫০০ কোটি (৫ বিলিয়ন) বছর আগে আমাদের সূর্য সৃষ্টি হয়েছিল।

৬৭।আর্দ্রতা কেমন হলে সেই স্থানে ভেজা বস্তু
সহজে শুকায় না?
উত্তর : বেশি হলে।

৬৮। রেড জায়ান্ট কী?
উত্তর: জ্বালানি শেষ হয়ে যাওয়ার পর যখন নক্ষত্র ফুলেফেঁপে নিষ্প্রভ হয়ে যায়, তখন মৃত নক্ষত্রের পরবর্তী এই অবস্থাই হলো রেড জায়ান্ট।

৬৯। গ্রিকবাসীদের প্রধান দেবতা কে ছিলেন?
উত্তর : জিউস।

৭০। নক্ষত্রের জ্বালানি শেষ হওয়ার পর যে বিশাল বিস্ফোরণ ঘটে, তাকে কী বলে?
উত্তর: সুপারনোভা বিস্ফোরণ।

৭১। ব্ল্যাকহোল নামকরণের কারণ কী?

উত্তর: ব্ল্যাকহোলের আকর্ষণ এতটাই শক্তিশালী যে সেখান থেকে আলো পর্যন্ত বের হতে পারে না। সে জন্য এর নাম দেওয়া হয়েছে ব্ল্যাকহোল।

তৌফিক সুলতান, সহঃ প্রধান শিক্ষক-ভাওয়াল ইসলামিক ক্যাডেট একাডেমি,গাজীপুর।
সাবেক শিক্ষক - ঘাগটিয়া চালা মডেল হাইস্কুল।
towfiqsultan.help@gmail.com
01301483833

১২ ক্যাডেট কলেজে ২০২৫ সালে ভর্তি: যেসব তথ্য জানা জরুরি:

প্রিয় ক্যাডেট কলেজে ভর্তিচ্ছুক শিক্ষার্থী, তোমাদের ভর্তি পরীক্ষায় সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা বিষয়ে ৪০ নম্বরের প্রশ্ন থাকবে। ২০২৫ সালের ভর্তি পরীক্ষায় আলোকে ভর্তি পরীক্ষা হবে।

ক্যাডেট কলেজগুলো প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুটেন্ট জেনারেল শাখার প্রত্যক্ষ তত্বাবধানে পরিচালিত আবাসিক শিক্ষাপ্রতিষ্ঠান। লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রম এবং অতিরিক্ত শিক্ষা কার্যক্রমের মাধ্যমে ক্যাডেটদের সুনাগরিক ও চৌকস ব্যক্তিত্ব হিসেবে গড়ে তুলতে সাহায্য করে। ২০২৫ সালে ক্যাডেট কলেজের ভর্তি পরীক্ষা আগামী বছরের ৪ জানুয়ারি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত চলবে পরীক্ষা।

বর্তমানে বাংলাদেশে ১২টি ক্যাডেট কলেজ রয়েছে। ছেলেদের জন্য ৯টি ও মেয়েদের জন্য ৩টি ক্যাডেট কলেজে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। ক্যাডেট কলেজগুলোতে ভর্তি নেওয়া হয় ৭ম শ্রেণিতে, ফলে ভর্তি পরীক্ষার প্রশ্নগুলো আসে ষষ্ঠ শ্রেণির বই থেকে। আর ভর্তির প্রক্রিয়াটি হবে লিখিত, মৌখিক ও স্বাস্থ্যগত পরীক্ষার মাধ্যমে। ভর্তি পরীক্ষার সিলেবাস: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) ষষ্ঠ শ্রেণির সিলেবাসের আলোকে ভর্তি পরীক্ষা হবে। ভর্তি পরীক্ষার বিষয় ও নম্বর: মোট নম্বর ৩০০। গণিতে ১০০, ইংরেজিতে ১০০, বাংলায় ৬০ ও সাধারণ জ্ঞানে ৪০ নম্বর।

ক্যাডেট কলেজগুলোয় ভর্তি পরীক্ষা হবে মোট ৩০০ নম্বরের। সময় থাকবে ৩ ঘণ্টা। মনে রেখো, সিলেবাসটি বেশ বড়। ৩ ঘণ্টার মধ্যে তোমাদের চারটি বিষয়ে পরীক্ষা দিতে হবে। সাধারণ জ্ঞান অংশে ৫-৬টি বিষয় থেকে প্রশ্ন করা হয়, সেদিকে নজর দিতে হবে। নিচে ২০২৪ সালের ক্যাডেট কলেজে ভর্তির লিখিত পরীক্ষার প্রশ্নের আলোকে নিচের তথ্য দেওয়া হলো।

ইংরেজি: নম্বর ১০০
ইংরেজি বিষয়ে নম্বর ছিল ১০০। ২০২৩ সালের প্রশ্নপত্রে ছোট-বড় মিলিয়ে প্রশ্ন ছিল ১১টি। সব কটিরই উত্তর করতে হয়েছে।

একটি প্যাসেজ দেওয়া ছিল। প্যাসেজটি পড়ে ৫টি প্রশ্নের উত্তর লিখতে হয়। নম্বর ছিল ৫×২=১০।

৫টি শব্দ দেওয়া ছিল। সেই শব্দগুলোর পার্টস অব স্পিস কী হবে, তা নির্ণয় করে লিখতে বলা হয়। নম্বর ছিল ৫।

৫টি বাক্য দেওয়া ছিল, সেখানে শূন্যস্থান পূরণ করতে হয়। সঠিক অ্যাপ্রোপ্রিয়েট প্রিপজিশন দিয়ে তা পূরণ করতে বলা হয়। নম্বর ছিল ৫।

Column A ও Column B দেওয়া ছিল। তা সঠিকভাবে মিলিয়ে ম্যাচিং করতে হয়, নম্বর ৫।

ট্রান্সফরমেশন সেনটেন্স ছিল ৫টি। সঠিকভাবে তার উত্তর দিতে বলা হয়। নম্বর ছিল ৫।

রাইট ফর্মস অব ভার্ব। সঠিক রাইট ফর্মস অব ভার্ব ব্যবহার করে সঠিক বাক্য লিখতে বলা হয়। নম্বর ছিল ৫।

জাম্বল ওয়ার্ড রিঅ্যারেঞ্জ। এলোমেলো ওয়ার্ড ছিল, তা মিলিয়ে সঠিক বাক্য তৈরি করতে বলা হয়। নম্বর ছিল ১০।

একটি প্যাসেজ দেওয়া ছিল, সেখানে স্পেলিং সঠিক ব্যবহার করতে বলা হয়। নম্বর ছিল ১০।

একটি প্যাসেজ দেওয়া ছিল। সেখানে কিছু ভুল শব্দ থাকে, তা ঠিক করতে বলা হয়। নম্বর ছিল ১০।

যেকোনো একটি বিষয় দেওয়া ছিল। ইংরেজিতে তার ওপর ১০টি বাক্যের একটি প্যারাগ্রাফ লিখতে বলা হয়। নম্বর ১০।

একটি স্টোরির কয়েকটি লাইন দেওয়া ছিল। তা পড়ে স্টোরিটি শেষ করতে বলা হয় ১০টি লাইনের মধ্যে। নম্বর ছিল ১০।

সাধারণ জ্ঞান ও অন্যান্য : ক্যাডেট কলেজে ভর্তি প্রস্তুতি ২০২৫

প্রশ্ন: ঢাকা শহরের প্রধান মোগল স্থাপত্য কোনটি?
উত্তর: লালবাগ কেল্লা।

প্রশ্ন: ‘অ্যাশেজ’ কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
উত্তর: ক্রিকেট

প্রশ্ন: বাংলাদেশের মানুষের বর্তমান গড় আয়ু কত?
উত্তর: ৭১.৯৭ বছর

প্রশ্ন: ‘অটিজম’ কোন জাতীয় সমস্যা?
উত্তর: মস্তিষ্কে বিকাশজনিত সমস্যা

প্রশ্ন: ‘আত্মজা ও একটি করবী গাছ’ গ্রন্থটি কে লিখেছেন?
উত্তর: হাসান আজিজুল হক

প্রশ্ন: বাংলা একাডেমির সাবেক নাম কী?
উত্তর: বর্ধমান হাউস

প্রশ্ন: বাংলাদেশের কোন শিল্পীর নামের আগে ‘পটুয়া’ বিশেষণটি ব্যবহার করা হয়?
উত্তর: কামরুল হাসান

প্রশ্ন: WTO–এর বর্তমান সদস্যদেশ কয়টি?
উত্তর: ১৬৪টি

প্রশ্ন: বাংলাদেশের সুন্দরবনের আয়তন কত বর্গকিলোমিটার?
উত্তর: ৬,০১৭ বর্গকিলোমিটার

প্রশ্ন: 'মাটির ময়না' চলচ্চিত্রটির নির্মাতা কে?
উত্তর: তারেক মাসুদ

প্রশ্ন: বাংলাদেশের প্রথম ভূ–উপগ্রহ কেন্দ্র কোন সালে স্থাপিত হয়?
উত্তর: ১৯৭৫ সালে।

প্রশ্ন: 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি কোন বিশ্ববিদ্যালয়ে অবস্থিত?
উত্তর: রাজশাহী বিশ্ববিদ্যালয়ে

প্রশ্ন: বঙ্গভঙ্গ রদ হয় কত সালে?
উত্তর: ১৯১১ সালে

প্রশ্ন: ২০২৭ সালের ক্রিকেট বিশ্বকাপে মোট কয়টি দল খেলবে?
উত্তর: ১৪টি

প্রশ্ন: 'একাত্তরের চিঠি' কোন জাতীয় রচনা?
উত্তর: মুক্তিযুদ্ধের পত্র সংকলন

প্রশ্ন: কোন সভ্যতা সবচেয়ে প্রাচীন?
উত্তর: মেসোপটেমীয়

প্রশ্ন: হোমারের মহাকাব্যের নাম কী?
উত্তর: ইলিয়াড

প্রশ্ন: শিল্পবিপ্লব শুরু হয় প্রথম কোন দেশে?
উত্তর: যুক্তরাজ্যে

প্রশ্ন: বাংলাদেশের কোন শিল্পীকে 'শিল্পাচার্য' নামে অভিহিত করা হয়?
উত্তর: শিল্পী জয়নুল আবেদিনকে

প্রশ্ন: সার্কভুক্ত দেশে সাক্ষরতার হার শীর্ষ দেশ কোনটি?
উত্তর: মালদ্বীপ

প্রশ্ন: মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর কোন জেলায় অবস্থিত?
উত্তর: কক্সবাজার জেলায়

প্রশ্ন: 'উঁকি' ছবি কোন শিল্পী এঁকেছেন?
উত্তর: কামরুল হাসান

প্রশ্ন: 'গোয়ের্নিকা' ছবিটি কার আঁকা?
উত্তর: শিল্পী পাবলো পিকাসোর আঁকা

প্রশ্ন: বাংলাদেশের বর্তমান মাথাপিছু আয় কত?
উত্তর: ২,৬২১ মার্কিন ডলার

প্রশ্ন: ‘দ্য লুভর মিউজিয়াম’ কোন দেশে অবস্থিত?
উত্তর: ফ্রান্স

প্রশ্ন: উত্তরা গণভবন কোথায় অবস্থিত?
উত্তর: নাটোর জেলায়

প্রশ্ন: কোন আরব দেশ প্রথম বাংলাদেশকে স্বীকৃতি দেয়?
উত্তর: ইরাক

প্রশ্ন: ওমর খৈয়াম কোন ভাষার কবি ছিলেন?
উত্তর: ফার্সি ভাষার

প্রশ্ন: বর্তমান বিশ্বে কোন মুদ্রার মূল্যমান সবচেয়ে বেশি?
উত্তর: কুয়েতি দিনার

প্রশ্ন: বাংলাদেশ কখন ওআইসির সদস্যপদ লাভ করে?
উত্তর: ১৯৭৪ সালে

প্রশ্ন: ‘বনলতা সেন’ নামটির সঙ্গে বাংলাদেশের কোন জেলার নাম জড়িত?
উত্তর: নাটোর

প্রশ্ন: দুর্ভিক্ষের ছবি এঁকে কে বিখ্যাত হয়েছিলেন?
উত্তর: জয়নুল আবেদিন

প্রশ্ন: পদ্মা সেতু কোন দুটি জেলা সংযুক্ত করেছে?
উত্তর: মুন্সিগঞ্জ ও শরীয়তপুর জেলা

প্রশ্ন: ওয়ার্ল্ড রেংকিংএর এক দিনের ক্রিকেটে শীর্ষ স্থানে বাংলাদেশের কোন ক্রিকেটার?
উত্তর: সাকিব আল হাসান

প্রশ্ন: সিন্ধু সভ্যতা কোন যুগের?
উত্তর: তাম্র যুগের

প্রশ্ন: সুরসম্রাট বলা হয় কাকে?
উত্তর: ওস্তাদ আলাউদ্দীন খাঁ

প্রশ্ন: ‘গারো’ আদিবাসীরা মূলত কোন অঞ্চলে বসবাস করেন?
উত্তর: ময়মনসিংহ অঞ্চলে

প্রশ্ন: মুক্তিযুদ্ধ জাদুঘর কোথায় অবস্থিত?
উত্তর: আগারগাঁও, ঢাকা



তৌফিক সুলতান, সহঃ প্রধান শিক্ষক-ভাওয়াল ইসলামিক ক্যাডেট একাডেমি,গাজীপুর।
সাবেক শিক্ষক - ঘাগটিয়া চালা মডেল হাইস্কুল।
towfiqsultan.help@gmail.com
01301483833